Total No. of Printed Pages—7

HS/XII/A. Sc. Com/B/26

2 0 2 6

BENGALI

(Modern Indian Language)

(FOR CANDIDATES WITH INTERNAL ASSESSMENT—NEW COURSE)

Full Marks : 80

(FOR CANDIDATES WITHOUT INTERNAL ASSESSMENT—OLD COURSE)

Full Marks : 100

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

General Instructions :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt all parts of a question together at one place.

PART—A

১। বন্ধনী থেকে সঠিক শব্দ চয়ন করে শূন্যস্থান পূর্ণ কর (যে-কোন **পাঁচটি**) : ১×৫=৫

(ক) ‘‘_____ প্রকাশের চেষ্টা করিবেন না।’’

(বিদ্যা / বুদ্ধি / যশ)

(খ) ‘‘কাহারও _____ করিও না।’’

(নকল / সমর্থন / অনুকরণ)

(গ) ''_____ জয় সর্বত্র।''

(ধর্মের / সত্যের / শক্তির)

(ঘ) ''আমার _____ বলাই।''

(ছেলে / ভাইপো / বোনপো)

(ঙ) ''বর্তমানে অবশ্য ইন্টার ক্লাসের নাম বদলাইয়া _____ ক্লাস হইয়াছে।

(ফার্স্ট / সেকেন্ড / থার্ড)

(চ) ''গাছটাকে প্রতিদিনই দেখাচ্ছে নিতান্ত _____ মতো।''

(অবোধের / সুবোধের / নির্বোধের)

(ছ) ''লেখা ভাল হইলে _____ আপনি আসিবে।''

(অর্থ / যশ / মান)

২। *দু-একটি* শব্দে যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) ''বাঙ্‌লা ভাষা উচ্চারিত হলে...''—বারান্দায় কী লাগে?

(খ) ''একুশের প্রথম প্রভাতফেরি''—এখানে কোন্ মাসের একুশ তারিখের কথা বলা হয়েছে?

(গ) 'সীতা ও সরমা' কবিতার মূল গ্রন্থের নাম কী?

(ঘ) ''সরসী আরসি মোর!'' 'আরসি' শব্দের অর্থ কী?

(ঙ) ''সপ্তপুরুষ যেথায় মানুষ সে মাটি...''—কেমন?

৩। *দু-একটি* শব্দে যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) রাজসিংহ কোন্ রাজ্যের রাজা ?

(খ) আলমগীর কে ?

(গ) ''বিজয়! এখানে থাকিও—আমি আসিতেছি—কোন শব্দ করিও না।'' 'বিজয়' কে ?

(ঘ) ''এ পাঞ্জা তুমি কোথায় পাইলে ?'' বক্তা কে ?

(ঙ) ''আমি মরিতে ভীত নহি।'' বক্তা কে ?

৪। যে-কোন **তিনটি** প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৩=৬

(ক) বলাইয়ের বাবা কোথায় এবং কেন গিয়েছিলেন ?

(খ) বলাইকে খ্যাপাবার জন্য ওর সঙ্গীরা কী করত ?

(গ) বঙ্কিমচন্দ্রের মতে শ্রেষ্ঠ লেখক কে ?

(ঘ) 'দুধের দাম' গল্পে বৃদ্ধা কোন্ স্কুলে পড়েছিলেন ? তিনি কোন্ কোন্ ভাষা জানতেন ?

(ঙ) ''উঠলে তো, এখন বসবে কোথায় বাছা!'' কে, কাকে এই কথাটি বলেছেন ?

৫। যে-কোন **পাঁচটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) ''... বনদেবী বলি মোরে সম্ভাষি কৌতুকে!'' কে, কাকে 'বনদেবী' বলে সম্বোধন করতেন?

(খ) ''শুধু দুটি আম ভিখ মাগি মহাশয়!'' কে, কাকে এই কথাটি বলেছে?

(গ) ''কত ক্ষণে চক্ষুঃজল মুছি রক্ষোবধূ'' 'রক্ষোবধূ' কে? তাঁকে 'রক্ষোবধূ' বলার কারণ কী?

(ঘ) ''বাঙ্‌লা ভাষা উচ্চারিত হলে চোখে ভেসে ওঠে কত চেনা ছবি;'' পঙক্তিটির রচয়িতা কে? যে-কোন একটি ছবির উল্লেখ কর।

(ঙ) ''বেটা সাধুবেশে পাকা চোর অতিশয়!'' কে, কাকে এই কথাটি বলেছেন?

(চ) চঞ্চলকুমারী কোন্ রাজ্যের রাজকন্যা ছিলেন? তাঁর পিতার নাম কী?

(ছ) ''রাণার কাছে কিছু বৃত্তি পাইব।'' বক্তা কে? কোন্ রাণার কথা বলেছেন?

৬। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৭

(ক) ''এখন সাহস হইয়াছে। রাজসিংহের আশ্রয় গ্রহণ করাই ভাল।'' বক্তা কে? কোন্ পরিস্থিতিতে রাজসিংহের আশ্রয় গ্রহণ করার সাহস হল তার—আলোচনা কর। ২+৫=৭

(খ) অনন্ত মিশ্র কে ছিলেন? উদয়পুর যাত্রাপথে তার সঙ্গে যে ঘটনা ঘটেছিল তা বর্ণনা কর। ২+৫=৭

(গ) পঠিত 'রাজসিংহ' উপন্যাস অবলম্বনে চঞ্চলকুমারীর চরিত্র আলোচনা কর। ৭

৭। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৭

(ক) 'দুই বিঘা জমি' কবিতা অবলম্বনে উপেনের করুণ পরিণতি আলোচনা কর।

(খ) 'বাঙ্‌লা ভাষা উচ্চারিত হলে' কবিতায় কবির মনে পল্লীবাংলা ও বাংলা ভাষার প্রতি যে আবেগ ও বিচিত্র মনোভাবের পরিচয় পাওয়া যায় তা তোমার পঠিত কবিতার মাধ্যমে নিজের ভাষায় ব্যক্ত কর।

(গ) 'সীতা ও সরমা' কবিতার সারমর্ম লেখ।

৮। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৭

(ক) 'দুধের দাম' গল্পে কুলির চরিত্রে যে মানবতাবোধের পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে আলোচনা কর।

(খ) 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র বাংলার নব্য লেখকদের উদ্দেশ্যে যে নিয়মগুলি পালন করতে বলেছেন তা নিজের ভাষায় লেখ।

(গ) 'বলাই' গল্পের সারাংশ লেখ।

৯। উদাহরণসহ সংজ্ঞা দাও (যে-কোন **দুটি**) : ২×২=৪

অপিনিহিতি ; স্বরভক্তি ; সমীভবন ; স্বরসঙ্গতি ; অভিশ্রুতি।

১০। নির্দেশ অনুসারে উত্তর দাও : ১+১=২

(ক) নীচের শব্দগুলিতে কোন্ ধরনের পরিবর্তন সাধিত হয়েছে উল্লেখ কর (যে-কোন **একটি**) :

ইস্কুল ; আইজ ; বিলিতি ; কত্তা।

(খ) নীচের পঙক্তিটির অংলকার নির্ণয় কর :

''কুলায়ে কাঁপিছে কাতর কপোত,''

১১। নীচের অলংকারগুলির সংজ্ঞাসহ উদাহরণ দাও (যে-কোন **দুটি**) : ২×২=৪

অনুপ্রাস ; শ্লেষ ; উপমা ; সমাসোক্তি।

১২। বঙ্গানুবাদ কর (যে-কোন **চারটি**) : ২×৪=৮

(ক) Bengali is often known as the second most beautiful language in the world.

(খ) The humblest may be a gentleman in word and in spirit.

(গ) Tomorrow always beyond the view.

(ঘ) Students life is the stage of preparation for future.

(ঙ) Honesty is the best policy.

(চ) There is no end of learning.

(ছ) All that glitters is not gold.

১৩। নীচের অনুচ্ছেদটির সারাংশ লেখ : ৪

''কোথায় স্বর্গ, কোথায় নরক, কে বলে তা বহুদূর?
মানুষেরি মাঝে স্বর্গ-নরক, —মানুষেতে সুরাসুর!
রিপুর তাড়নে যখনি মোদের বিবেক পায় গো লয়,
আত্মগ্লানির নরক-অনলে তখনই পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে যবে মিলি পরস্পরে,
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরি কুঁড়ে ঘরে।''

১৪। নীচের যে-কোন **একটি** বিষয় অবলম্বনে একটি রচনা লেখ : ১০

(ক) মেঘালয়ের প্রাকৃতিক সৌন্দর্য

(খ) তোমার জীবনের লক্ষ্য

(গ) ছাত্র জীবনের দায়িত্ব ও কর্তব্য

(ঘ) তোমার প্রিয় কবি

PART—B

(For Old Course)

১৫। যে-কোন **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) ''গাছটাকে প্রতিদিন দেখাচ্ছে নিতান্ত নির্বোধের মতো।'' কোন্ গল্পের অংশ এটি? এখানে কোন্ গাছের কথা বলা হয়েছে?

(খ) ''তুমি আমার ছেলে বাবা, ছেলের কাজই করেছ।'' কে, কাকে একথা বলেছেন?

(গ) ''আমি তাহাকে রাখিয়া মরিতে পারিতেছি না।'' বক্তা কে? 'তাহাকে' বলতে কার কথা বলা হয়েছে?

(ঘ) ''হাসিতেন প্রভু, বনদেবী বলি মোরে সম্ভাষি কৌতুকে!'' পঙক্তিটি কোন্ কবিতার অংশ? এখানে প্রভু কে?

(ঙ) ''এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি,'' পঙক্তিটি কোন্ কবিতার অংশ? কবিতাটির কবি কে?

(চ) 'রাজসিংহ' গদ্যাংশটির লেখক কে? 'রাজসিংহ' গদ্যাংশের তৃতীয় পরিচ্ছেদের নাম কী?

(ছ) চঞ্চলকুমারী কোন্ রাজ্যের রাজকুমারী ছিলেন? চঞ্চলকুমারীর বাবার নাম কী ছিল?

১৬। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর লেখ : ১০

(ক) 'দুই বিঘা জমি' কবিতাটির বিষয়বস্তু আলোচনা কর।

(খ) 'দুধের দাম' গল্পের নামকরণের সার্থকতা বিচার কর।

(গ) 'রাজসিংহ' গদ্যাংশ অবলম্বনে মাণিকলাল চরিত্রের পরিচয় দাও।

★★★